**বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)**
(একটি রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা),
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা- ১০০০
www.boesl.gov.bd

নম্বর: ৪৯.০২.০০০০.০০১.১১.০০৫.২৪-২৫৭৫

তারিখ: ০৭ কার্তিক, ১৪৩২ / ২৩ অক্টোবর, ২০২৫

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)-এর নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণনানুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (জন্মসূত্রে) নিকট হতে অনলাইনে (https://boesl.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত সরাসরি বা অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | সহকারী মহাব্যবস্থাপক<br>গ্রেড-৭<br>বেতনস্কেল:<br>(২৯,০০০ - ৬৩,৪১০) | ০৩<br>(তিন) টি | ক) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। তবে শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>খ) সরকারি/ বিধিবদ্ধ সংস্থা/ স্বনামধন্য বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রশাসন/ হিসাব/ কর্মী ব্যবস্থাপনা/ পরিকল্পনা/ গবেষণা/ মার্কেটিং/ উন্নয়নমূলক কার্যক্রমে ৯ম গ্রেড বা সমমানের পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>গ) ইংরেজি ভাষাসহ অন্য যে কোনো একটি বিদেশি ভাষায় পারদর্শী হতে হবে।<br>ঘ) কোম্পানি আইন, শ্রম আইন, যৌথ মূলধনী ব্যবসা প্রশাসন, আন্তর্জাতিক ব্যবসা বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। |
| ০২. | উপব্যবস্থাপক<br>গ্রেড-১০<br>বেতনস্কেল:<br>(১৬,০০০-৩৮,৬৪০) | ০১<br>(এক) টি | ক) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। তবে শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>খ) ইংরেজি লিখন ও কথনে পারদর্শী এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>গ) ইংরেজি ভাষাসহ অন্য যে কোনো একটি বিদেশি ভাষায় পারদর্শী হতে হবে। |
| ০৩. | সহকারী ব্যবস্থাপক<br>গ্রেড-১১<br>বেতনস্কেল:<br>(১২,৫০০-৩০,২৩০) | ০৬<br>(ছয়) টি | ক) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। তবে শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।<br>খ) MS Office এ কাজ করার অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে।<br>গ) ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে। |
| ০৪. | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল:<br>(১১,০০০-২৬,৫৯০) | ০৩<br>(তিন) টি | ক) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। তবে শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি/ বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি-<br>অ) বাংলায় ২৫ (পঁচিশ) টি শব্দ; ও আ) ইংরেজীতে ৩০ (ত্রিশ) টি শব্দ; এবং<br>ই) এক্সেল শিট প্রস্তুত করণ, পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশন প্রস্তুত, মাল্টিমিডিয়া অপারেশন ইত্যাদি। |
| ০৫. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল:<br>(৯,৩০০-২২,৪৯০) | ০১<br>(এক) টি | ক) যে কোনো স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস বা ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং<br>খ) সরকারি, স্বায়ত্বশাসিত বা অন্য কোনো প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা/NTVQF Level-1 উত্তীর্ণ। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

০১। চাকরি প্রার্থীগণ ০২/১১/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ২৩/১১/২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে এই ওয়েবসাইটে (https://boesl.teletalk.com.bd) আবেদনপত্র পূরণ করতে পারবেন। অনলাইন (Online) ব্যতীত সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত এবং ক্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। বিভাগীয় প্রার্থীগণ বিধি মোতাবেক আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। আবেদনকারীর বয়স ০১/১১/২০২৫ খ্রি. তারিখে ১ নং ক্রমিকের সহকারী মহাব্যবস্থাপক পদের জন্য ৩৫-৪০ (পঁয়ত্রিশ-চল্লিশ) বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বর্ণিত পদে বিভাগীয় প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা আরও ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এস.এস.সি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃঙ্খলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমিতক্রমে আবেদন করতে হবে। এছাড়াও মৌখিক পরীক্ষার সময় চাকরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ সকল সনদপত্র/কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক পত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

খ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

০৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সর্বশেষ সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। পরবর্তীতে কোটা সংক্রান্ত অথবা নিয়োগ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। অনলাইন-এ পূরণকৃত কোনো আবেদনে কোটায় প্রার্থীতা দাবি না করা হলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

০৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বোয়েসেল-এর ওয়েবসাইটে (www.boesl.gov.bd) এবং (https://boesl.teletalk.com.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৯। বোয়েসেল-এর নিয়োগ পদ্ধতি অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

১২। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৩। একজন আবেদনকারি কেবলমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি বোয়েসেল-এর ওয়েবসাইটে (www.boesl.gov.bd) এবং বোয়েসেল-টেলিটক ওয়েব পোর্টাল (https://boesl.teletalk.com.bd) এ প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন পত্র প্রেরণ করা হবে না।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী নিম্নরূপ:

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০২ /১১/২০১৫ তারিখ সকাল ১০:০০টা।

(খ) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৩/১১/২০২৫ তারিখ বিকেল ৫:০০টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণকে Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থীকে তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ 60 KB এর মধ্যে হতে হবে।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(চ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**(ছ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবসাইটে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে সহকারী মহাব্যবস্থাপক ও উপব্যবস্থাপক পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩.০০ (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, সহকারী ব্যবস্থাপক পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা ও কম্পিউটার অপারেটর ও ইলেকট্রিশিয়ান পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা, অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ (প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০)-/পঞ্চাশ (টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬-/টাকাসহ (ভ্যাটসহ অফেরতযোগ্য) মোট ৫৬)-/ছাপ্পান্ন (টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS: BOESL<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BOESL ABCDEF & send to 16222

Reply Applicant's Name. Tk. 223 or 168 or 112 or 56 will be charged as application fee. Your PIN is To Pay Fee Type BOESL Yes PIN and send to 16222

Example: BOESL Yes 12345678 & send to 16222

**দ্বিতীয় SMS: BOESL<Space>Yes<Space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BOESL, Application for XXXXXXXX User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (https://boesl.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্র লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঞ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID জানা থাকলে:**

**BOESL<Space>Help<Space>User<Space>User ID** and Send to 16222

Example: BOESL Help USER ABCDEF send to 16222

**ii. PIN Number জানা থাকলে:**

**BOESL<Space>Help<Space>PIN<Space>PIN No** and Send to 16222

Example: BOESL Help PIN 12345678 & send to 16222

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বোয়েসেল-এর ওয়েবসাইটে www.boesl.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা rec@boesl.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject- Organization Name: BOESL, Post Name: ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ড) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজেই করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঢ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.boesl.gov.bd অথবা http://boesl.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে; এছাড়া পরবর্তীতে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) জানানো হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে যে কোন রকম তদবির কিংবা সুপারিশ বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

১৭। ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সব তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

এস. এম. শফি কামাল
কোম্পানি সচিব
বোয়েসেল

বোয়েসেল-এর ওয়েবসাইটে প্রবেশের QR Code

বোয়েসেল-এর টেলিটক পোর্টালে প্রবেশের QR Code